কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
মুকসেদপুর, কিশোরগঞ্জ
মানব সম্পদ বিভাগ
ওয়েব: pbs.kishoreganj.gov.bd

নম্বর ২৭.১২.৪৮৪৯.৫৩৪.০২.০০৮.২২.১২০২

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৯
০৩ আগস্ট ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি**

কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে লোক নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্তে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা হচ্ছেঃ

পদের নাম	পদের সংখ্যা	প্রার্থীর যোগ্যতা
অফিস সেক্রেটারী	০১	(ক) কম্পিউটার অপারেটর পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা/দক্ষতা থাকতে হবে। (খ) প্রতি মিনিটে ন্যূনতম ৬০ (ষাট) টি ইংরেজি অথবা ৪০ (চল্লিশ) টি বাংলা শব্দ শ্রুতিলিপিলিখনের দক্ষতা থাকতে হবে। (গ) প্রতি মিনিটে ন্যূনতম ৩৫ (পঁয়ত্রিশ) টি ইংরেজি অথবা ৩০ (ত্রিশ) টি বাংলা শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। (ঘ) বাংলা ও ইংরেজি ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্নের ব্যবহার ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। (ঙ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিষ্কারভাবে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে। (চ) দাপ্তরিক চিঠিপত্র, তথ্যাদি, রিপোর্ট ইত্যাদি নথিভুক্ত করণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। (ছ) দর্শনার্থীর সাথে সৌজন্যমূলক ও মাধুর্যপূর্ণআচরণ করার সক্ষমতা থাকতে হবে। (জ) কম্পিউটার অপারেটর পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং পৃথকভাবে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। (ঝ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪, ৩০০-৫১ এবং পবিস চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২) অনুযায়ী পদোন্নতির সকল শর্ত পূরণ হতে হবে।
বিলিং সুপারভাইজার	০১	(ক)প্রার্থীর বিলিং অস্থায়ী পদে নিয়মিত ভাবে কমপক্ষে ০৭ (সাত) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। (খ)প্রার্থীকে কম্পিউটার ও অন্যান্য অফিস সরঞ্জামাদি পরিচালনায় এবং রক্ষণাবেক্ষণে সমর্থ হতে হবে। (গ)প্রার্থীকে কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে ১০ টি শব্দ ও ইংরেজীতে প্রতি মিনিটে ৩০ টি শব্দ টাইপে সক্ষম হতে হবে। (ঘ)প্রার্থীর ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং কমপক্ষে ৩.৫০ (তিন দশমিক পাঁচ শূন্য) থাকতে হবে।

ক্যাশিয়ার	০১	(ক)প্রার্থীর সহকারী ক্যাশিয়ার পদে নিয়মিত ভাবে কমপক্ষে ০৭ (সাত) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে । (খ)প্রার্থীকে কম্পিউটার ও অন্যান্য অফিস সরঞ্জামাদি পরিচালনায় এবং রক্ষণাবেক্ষণে সমর্থ হতে হবে । (গ)প্রার্থীকে কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে ১০ টি শব্দ ও ইংরেজীতে প্রতি মিনিটে ৩০ টি শব্দ টাইপে সক্ষম হতে হবে । (ঘ)প্রার্থীর ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং কমপক্ষে ৩.৫০ (তিন দশমিক পাঁচ শূন্য) থাকতে হবে ।
লাইন টেকনিশিয়ান	০১	(ক) লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত চাকুরীকাল ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। (গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ মোতাবেক প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে। (ঘ) বৈদ্যুতিক লাইন, ষ্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা, জরুরী প্রাথমিক চিকিৎসায় পর্যাপ্ত ধারণা থাকতে হবে। (ঙ) প্রার্থীকে অবশ্যই পোলে উঠিয়া কাজ করার সামর্থ্য থাকতে হবে। (চ) কম্পিউটার চালনায় জ্ঞান থাকতে হবে। (ছ) কাজ করার ক্ষেত্রে লাইনক্রুগনকে সংগঠিত ও তত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে। (জ) লাইনম্যান গ্রেড-১ পদে সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।

<u>আবেদনের নিয়মাবলীঃ-</u>

প্রার্থীকে A-4 সাইজের সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদন পত্রের সাথে (ক) নিজের নাম,(খ) পিতা/স্বামীর নাম,(গ) মাতার নাম ,(ঘ) স্থায়ী ঠিকানা,(ঙ) বর্তমান ঠিকানা,(চ) জন্ম তারিখ,(ছ) বয়স,(জ) জাতীয়তা,(ঝ) শিক্ষাগত যোগ্যতা,(ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ,(ট) মোবাইল নম্বর,(ঠ) জাতীয় পরিচয় পত্র,(ড) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি,পদোন্নতির জন্য পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি, বিগত ০৩(তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি, সম্প্রতি তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার/এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে) সংযোজনসহ সিনিয়র জেনারেল ম্যানেজার /জেনারেল ম্যানেজার প্রদত্ত সুপারিশ ও বিনা আপত্তির সনদপত্রে বিগত ০৫ বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে অথবা না থাকে) উল্লেখ পূর্বক কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, মুকসেদপুর, কিশোরগঞ্জ এ স্ব-শরীরে উপস্থিত হয়ে স্বাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হল ।

<u>সাক্ষাৎকারের তারিখ ও সময়ঃ</u> ১৩/০৮/২০২২ খ্রিঃ রোজ শনিবার সকাল ১০.০০ টা।

<u>শর্তাবলীঃ-</u>

০১। পদোন্নতির জন্য নিম্ন বর্ণিত প্রার্থীদের বিবেচনা করা হবে নাঃ

(ক) সর্বশেষ ০১ (এক) বছরে কোন লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন ।

(খ)সর্বশেষ ০৩ (তিন) বছরে কোন গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন ।

(গ)বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন ।

(ঘ)বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড ও একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঙ)বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন ।

(চ)বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন থাকা বা ফৌজদারী মামলা চলমান রয়েছে।

(ছ)পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করিয়া অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তানুযায়ী অযোগ্য বিবেচিত হয়েছে।

২)পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয় অত্র পবিস এর ভৌগোলিক (কিশোরগঞ্জ সদর, করিমগঞ্জ, পাকুন্দিয়া, কটিয়াদী, নিকলী, অষ্টগ্রাম, হোসেনপুর, তাড়াইল, ইটনা, মিঠামইন, নান্দাইল এবং বাজিতপুরের হুমাইপুর) এলাকার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

৩) পবিস চাকুরী বিধি, পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭, বাপবিবো/পবিস কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার অনুযায়ী বেতন ও ভাতাদি প্রদান করা হবে ।

৪)তথ্য গোপন করে যদি কেহ নিয়োগপ্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেখেই চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে ।

৫) নির্বাচিত হলে নিরাপত্তা জামানত হিসাবে ক্যাশিয়ার পদের জন্য জামানত বাবদ ১৫,০০০/= (পনের হাজার)টাকা জমা দিতে হবে, যাহা সফল ও সন্তোষজনক চাকুরী শেষে ব্যাংক সুদসহ ফেরত প্রদান করা হবে।

৬) সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৭) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হবে।

৮) অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাহাদের স্বামী/স্ত্রীগণের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না। বেতন ও অন্যান্য ভাতাবেতন ও অন্যান্য ভাতা

৩-৮-২০২২
মোহাঃ আবুল কালাম আজাদ
জেনারেল ম্যানেজার
ইমেইল: kishpbs@yahoo.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

২) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস

৩) ডিজিএম, টেকনিক্যাল ও সকল জোনাল অফিস, কিশোরগঞ্জ পবিস

৪) সকল এজিএম, সদর দপ্তর ও সাব জোনাল অফিস, কিশোরগঞ্জ পবিস

৫) জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), সদর দপ্তর (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)

৬) অফিস কপি\মাস্টার কপি